



বাংলাদেশের মানুষ ছাড় দিতে পারে, কিন্তু আওয়ামী লীগকে ছাড় নয় : সারজিস



সংগৃহীত ছবি

আওয়ামী লীগের কার্যক্রম প্রসঙ্গে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের আন্তর্জাতিক গণমাধ্যমে দেওয়া বক্তব্যের তীব্র সমালোচনা করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক (উত্তরাঞ্চল) সারজিস আলম। তিনি বলেন, দেশের মানুষ অনেক ত্যাগ স্বীকার করেছে, কিন্তু আওয়ামী লীগের রাজনীতিকে আর কোনোভাবেই মেনে নেবে না।

প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সাম্প্রতিক মন্তব্যকে ‘ভুলে যাওয়া’ এবং ‘সুশীল সাজা’র প্রচেষ্টা হিসেবে উল্লেখ করে তীব্র প্রতিক্রিয়া জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক (উত্তরাঞ্চল) সারজিস আলম। তিনি বলেন, “বাংলাদেশের মানুষ ছাড় দিতে পারে, কিন্তু আওয়ামী লীগকে ছেড়ে দেবে না।” বুধবার (১ অক্টোবর) পঞ্চগড়ের আটোয়ারী উপজেলার বিভিন্ন পূজামণ্ডপ পরিদর্শন শেষে মালিগাঁও তেঁতুলতলা দুর্গামন্দির প্রাঙ্গণে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে সারজিস আলম এই মন্তব্য করেন।

তিনি বলেন, “প্রধান উপদেষ্টা যদি আন্তর্জাতিক মহলে নিজের ভাবমূর্তি রক্ষার জন্য দেশের মানুষের আত্মত্যাগ ভুলে গিয়ে আওয়ামী লীগের কার্যক্রম পুনরায় সচল করার ইঙ্গিত দিয়ে থাকেন, তবে এটি জনগণের রক্তের সঙ্গে বিশ্বাসঘাতকতা। দেশের মানুষ তাদের রক্ত আর প্রাণ বিসর্জনের বিনিময়ে আওয়ামী লীগের রাজনীতি চিরতরে প্রত্যাখ্যান করেছে।”

এনসিপির এই নেতা দৃঢ় কণ্ঠে বলেন, “বাংলাদেশে আওয়ামী লীগের আর কোনো রাজনীতি চলবে না। শেখ হাসিনাকে খুনি হিসেবে দেশের মানুষ চিহ্নিত করেছে, যা দেয়াল থেকে দেয়ালে রক্তের অক্ষরে লেখা রয়েছে। এটি কোনো মা তার সন্তানের লাশ দেখে যেমন ভুলতে পারবেন না, আমরাও ভুলব না, ভুলতে দেব না।”

এ সময় জাতীয় নাগরিক পার্টির আটোয়ারী উপজেলার প্রধান সমন্বয়কারী জয়ন উদ্দিন, জাতীয় যুবশক্তির পঞ্চগড় জেলা আহ্বায়ক আবু কায়স বাবুসহ স্থানীয় এনসিপি নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।